

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৬১১৬৪৪০১/বিনাইদহ-৭৭/২৮৯

তারিখ: ১৯ মাঘ ১৪৩২
০২ ফেব্রুয়ারী ২০২৬

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলাধীন মুন্সী আব্দুল জব্বার দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটি জাল জালিয়াতের মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে মোঃ মশিউর রহমান অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।



১৯ মাঘ ১৪৩২
২.২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুন্ডু, বিনাইদহ।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৬১১৬৪৪০১/বিনাইদহ-৭৭/২৮৯

তারিখ: ১৯ মাঘ ১৪৩২
০২ ফেব্রুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বিনাইদহ;
২. জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, বিনাইদহ;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মুন্সী আব্দুল জব্বার দাখিল মাদ্রাসা, ডাকঘর-জোড়াদহ, হরিণাকুন্ডু, বিনাইদহ;
৫. জনাব মোঃ মশিউর রহমান (অভিযোগকারী), সাং-মালিপাড়া, ডাকঘর-জোড়াদহ, উপজেলা-হরিণাকুন্ডু, জেলা-বিনাইদহ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৯ মাঘ ১৪৩২
০২ ফেব্রুয়ারী ২০২৬

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

মুন্সী আব্দুল জব্বার দাখিল মাদ্রাসা

স্থাপিত: ১৯৯৯ খ্রিঃ

মাদ্রাসা কোর্ড: ১১৭৭০, আই. ইন. ইন. নং: ১১৬৪৪০

উপজেলা: হরিণাকুণ্ডু, জেলা: ঝিনাইদহ।

স্মারক:

তাং: ০৭-০১-২০২৬ইং

বরাবর,
রেজিস্ট্রার,
মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

বিষয়: নিয়মিত ম্যানেজিং কমিটি বাতিল করা প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলাধীন মুন্সী আব্দুল জব্বার দাখিল মাদ্রাসার এ্যাডহক কমিটি অনুমোদিত হয়। যার স্মারক নম্বর বামাশিবো/প্রশা/২৩১২৫১১৬৪৪০১/১০৬২৭৪, তারিখ: ২০/০৪/২০২৫ খ্রিঃ এমতাবস্থায় পরবর্তী কমিটি গঠন ও বিধি বিধান লংঘন করে স্বেচ্ছায় পদত্যাগকৃত সুপার(ভাঃ)সহকারী মৌলভী মোঃ নুরুল ইসলাম বিগত ফেসিষ্ট সরকারের প্রভাব খাটিয়ে সহসুপারকে বাইপাস করে দায়িত্ব গ্রহণ করে যাহা অবৈধ্য। অতপর এডহক কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যদের স্বাক্ষর জাল করে ঘরে বসে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য মাদ্রাসা শিক্ষাবোর্ডে পাঠান। মাদ্রাসা শিক্ষাবোর্ড নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদন করে পাঠায়। যার স্মারক নং-বামাশিবো/প্রশা/২২৪২৫১১৬৪৪০১/১১৬৯২৬ তারিখ: ১১/০৯/২০২৫ খ্রিঃ। অনুমোদনকৃত ম্যানেজিং কমিটি মাদ্রাসার সার্থ পরিপন্থী কর্মকান্ড হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা(গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধান মালা ২০০৯ এর প্রবিধান ৩৮ অনুসারে এ-কমিটি বাতিল করা একান্ত প্রয়োজন।

অতএব, জনাবের সমীপে প্রার্থনা এই যে, উপরোল্লিখিত বিষয়ে অবগত পূর্বক অবৈধ্য জাল জালিয়াতি করে গঠিত ও অনুমোদনকৃত ম্যানেজিং কমিটি বাতিলের প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা গ্রহণে জনাবের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক,



মোঃ মশিউর রহমান

সহকারী সুপার

মুন্সী আব্দুল জব্বার দাখিল মাদ্রাসা

হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।